

## ইউজিসি ডিজিটাল লাইব্রেরি বিশ্বখ্যাত প্রকাশনা ও লাইব্রেরি থেকে অনলাইনে বই কেনার সুযোগ

### যুগান্তর রিপোর্ট

অক্সফোর্ড প্রেসসহ বিশ্বের বিভিন্ন বড় প্রকাশনা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরির সঙ্গে অনলাইনে যুক্ত হয়েছে বাংলাদেশের ৪১টি বিশ্ববিদ্যালয়। ওইসব লাইব্রেরি থেকে বই পছন্দ করে ডাউনলোড করা যাবে। এসব বইয়ের যে দাম আসবে, তার ২০ ভাগ দেবে বাংলাদেশের সর্বশ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়। বাকি ৮০ ভাগ দেবে উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প (হেকপ)। সোমবার রাজধানীতে 'ডিজিটাল রিসোর্স ব্যবহার' বিষয়ক সচেতনতামূলক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।